45533

তারিখ 25 APR 1995
পৃষ্ঠা ১২ কলাম ৭

দৈনিক সংবাদ

# এসএসসি ঃ ইংরেজি পরীক্ষার ১ম দিনে বহিষ্কার ১ হাজার

(নিজস্ব বার্তা পরিবেশক) গতকাল সোমবার দেশের ৪টি বোর্ডের এসএসসি পরীক্ষার ৩য় দিনে ইংরেজি ১ম পত্র পরীক্ষায় ৯২৭ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। এদের মধ্যে ঢাকা বোর্ডে ৩০৫, কুমিল্লায় ১৫৯, রাজশাহীতে ৩৭৯ এবং যশোর বোর্ডে ৮৪ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়।

গাইবান্ধায় ছাত্রদের মধ্যে নকল সরবরাহের দায়ে একজন শিক্ষককেও বহিষ্কার করা হয়। এছাড়া পরীক্ষা চলাকালে কোথাও কোন অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি।

ঢাকা বোর্ডের অধীনে ১৬টি জেলায় ৩০৫ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। এদের মধ্যে ঢাকা জেলায় ২, গাজীপুরে ৩৮, নারায়ণগঞ্জে ৭, নরসিংদীতে ১৭, মুন্সিগঞ্জে ৭, মানিকগঞ্জে ৩৪, ফরিদপুরে ১২, মাদারীপুরে ২১, সৈয়দপুরে ৫, রাজবাড়ীতে ৬, গোপালগঞ্জে ৫৬, ময়মনসিংহে ৫৫, জামালপুরে ১৩, নেত্রকোনায় ২২ এবং শেরপুরে ৩০ জন বহিষ্কৃত হয়।

কুমিল্লা থেকে জেলা বার্তা পরিবেশক ফোনে জানান ঃ কুমিল্লা বোর্ডে গতকাল ১৫৯ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। এদের মধ্যে কুমিল্লায় ৭৯, খাগড়াছড়িতে ১৪, লক্ষ্মীপুরে ২০, হবিগঞ্জে ৬, মৌলভীবাজারে ৭, রাঙ্গামাটিতে ১৩, কক্সবাজারে ২৩ এবং বান্দরবানে ১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

রাজশাহী থেকে নিজস্ব সংবাদদাতার ফ্যাক্স ঃ রাজশাহী বোর্ডের অধীনে ১২টি জেলায় মোট ৩৭৯ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এদের মধ্যে রাজশাহীতে ৩৪, চাঁপাইনবাবগঞ্জে ৫, নওগাঁয় ২৩, পাবনায় ৩, বগুড়ায় ৪১, নীলফামারীতে ১১, কুড়িগ্রামে ৪০, গাইবান্ধায় ৪০, রংপুরে ৩৫, দিনাজপুরে ১১৯, পঞ্চগড়ে ২৩ ও লালমনিরহাটে ৩ জন রয়েছে। গাইবান্ধায় একজন শিক্ষককেও নকল সরবরাহের দায়ে বহিষ্কার করা হয়।

যশোর থেকে নিজস্ব বার্তা পরিবেশক ফোনে জানান ঃ যশোর বোর্ডের অধীনে ১৪টি জেলায় ৮৪ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। এদের মধ্যে যশোরে ৬, মাগুরায় ৩, নড়াইলে ১১, খুলনায় ৫, বাগেরহাটে ১৮, সাতক্ষীরায় ৪, মেহেরপুরে ৪, কুষ্টিয়ায় ৪, বরিশালে ১, পটুয়াখালীতে ৪, বরগুনায় ৩, ভোলায় ৮, ঝালকাঠিতে ৫ এবং পিরোজপুরে ৮ জন বহিষ্কৃত হয়।